

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৬৬২

তারিখ: ২৬.০৯.২০২৩ খ্রি.


বিষয়: Business Intelligence (BI) রিপোর্ট অ্যাক্সেসকরণের লক্ষ্যে আইপি অ্যাড্রেস প্রদান।

সূত্র: নথি নং- ০৮.০১.০০০০.০৯১.০৩.০০১.২১/৫৪৭, তারিখ: ২৫.০৬.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি সংক্রান্ত সকল তথ্য সংরক্ষণের লক্ষ্যে কাস্টমস অটোমেশন কর্তৃক ডাটা ওয়্যারহাউস স্থাপন করা হয়েছে। এই ডাটা ওয়্যারহাউসের তথ্য বিভিন্ন পর্যায়ের ব্যবহারকারীগণ বিভিন্ন ধরনের রিপোর্ট তৈরি করার লক্ষ্যে ব্যবহার করে থাকেন। Business Intelligence (BI) টুলের মাধ্যমে খুব সহজেই ডাটা ওয়্যারহাউসের তথ্য ব্যবহারকারীগণের নিকট প্রয়োজনীয়তা অনুসারে উপস্থাপন করা যায়। বর্তমানে এই Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেস কাস্টমস অটোমেশন কর্তৃক স্থাপিত ল্যান ও সুনির্দিষ্ট আইপি অ্যাড্রেসে উন্মুক্ত রয়েছে। Business Intelligence (BI) সার্ভারে সংরক্ষিত তথ্য অত্যন্ত সংবেদনশীল হওয়ায় তা অননুমোদিত তৃতীয় কোন পক্ষের হস্তগত হলে আমদানি-রপ্তানির গোপনীয় তথ্য অব্যাহত হওয়ার সাথে সাথে অপব্যবহারের মাধ্যমে রাজস্ব ঝুঁকির সম্ভাবনা রয়েছে। এই সমস্যা সমাধানের লক্ষ্যে সুনির্দিষ্ট দপ্তর অনুযায়ী Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেস প্রদানের নির্দেশনা সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রদান করা হয় এবং নির্দেশনা অনুযায়ী দপ্তরসমূহ পাবলিক আইপি অ্যাড্রেস জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করেছেন। এক্ষেত্রে উল্লেখ্য যে, বিভিন্ন দপ্তর কর্তৃক গৃহীত ইন্টারনেট কানেক্টিভিটি ডেডিকেটেড ইন্টারনেট কানেকশন না হওয়ায় এবং উক্ত আইএসপি কর্তৃক প্রদত্ত কানেকশন বিভিন্ন ব্যবহারকারীর নিকট শেয়ার হওয়ায় জাতীয় রাজস্ব বোর্ডের Business Intelligence (BI) সার্ভারের মত সংবেদনশীল তথ্য উপাত্তের সিকিউরিটি বিঘ্নিত হবার সম্ভাবনা রয়েছে।

০২। এমতাবস্থায়, আপনার দপ্তর ও আপনার আওতাধীন যে সকল দপ্তরে Business Intelligence (BI) সার্ভারের অ্যাক্সেসের প্রয়োজনীয়তা রয়েছে সে সকল দপ্তরে ডেডিকেটেড ইন্টারনেট কানেক্টিভিটি সংগ্রহপূর্বক তার পাবলিক আইপি অ্যাড্রেস অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। জাতীয় রাজস্বের সুরক্ষায় বিষয়টি জরুরী বিবেচ্য।


[রাফিকুল হাসান]

প্রথম সচিব (কাস্টমস: অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

ই-মেইল: ss.asycuda@gmail.com

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১-০৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম;

০৪-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/সিলেট/কুমিল্লা/যশোর/খুলনা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/বৃহৎ করদাতা ইউনিট;

১৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা;

১৭। কমিশনার, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা;

১৮। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা;

১৯। কমিশনার, কাস্টমস রিফ্র ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।

অনুলিপি:

১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড;

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);

২। মিজ্ কামরুন নাহার মায়্যা, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড (অনুমোদিত দপ্তরসমূহে অ্যাক্সেস প্রদানের অনুরোধসহ);

৩। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

